

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দণ্ড
লালমাই, কুমিল্লা।

বিজ্ঞপ্তি

এতদ্বারা লালমাই উপজেলাধীন খাদ্যশস্য ও খাদ্যসামগ্রী ব্যবসায় জড়িত আয়দানীকারক, পাইকারী ব্যবসায়ী, আড়ৎদার, খুচরা ব্যবসায়ী, মেজর ও কমপ্যাক্ট ময়দাকল, রোলার ময়দাকল, আটাচার্কি, অটোমেটিক/মেজর/হাস্কিং রাইচ মিল ও সকল ডিলারদের
(ও, এম, এস/খাদ্যবান্ধব কর্মসূচী/সরকারী কর্মচারী রেশন ডিলার) অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য মন্ত্রনালয়ের ০৪/০৫/২০১১
তারিখের এস.আর.ও.নং- ১১২-আইন/২০১১ ও ১১৩-আইন/২০১১ মোতাবেক সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রাপ্ত কর্তৃপক্ষ প্রদত্ত
ফুডগ্রেইন লাইসেন্স ব্যতিত কোন ব্যবসায়ী ০১ (এক) মেঃ টনের (৫০ কেজি ওজনের ২০ বস্তার) অধিক খাদ্যশস্য/খাদ্যসামগ্রী/
চাল/ধান/গম/গমজাত দ্রব্য/চিনি (পরিশোধিত)/ভোজ্য তেল/সয়াবিন/পামওয়েল(পরিশোধিত) /ডাল তাদের অধিকারে বা নিয়ন্ত্রে
রাখতে পারবেন না।

এমতাবস্থায়, উপরোক্ত ব্যক্তিবর্গ ও ব্যবসায় প্রতিষ্ঠান সমূহকে অবিলম্বে দ্রুত ফুডগ্রেইন লাইসেন্স গ্রহনের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।
অন্যথায়, আম্যমাণ আদালত পরিচালনার মাধ্যমে উপরে বর্ণিত আইনের লঙ্ঘনের দায়ে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গও ব্যবসায় প্রতিষ্ঠান, সমূহের
বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে। নুতনভাবে কেহ ব্যবসা আরম্ভ করলেও লাইসেন্স গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

উপজেলা পর্যায়ে ফুডগ্রেইন লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ নিম্নরূপঃ

ক্রঃ নং	খাদ্যশস্য ও খাদ্যসামগ্রী ব্যবসার শ্রেণী	লাইসেন্স প্রদান, নবায়নকারী/ডুপ্লিকেট লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ
১.	পাইকারী ব্যবসায়ী ও আড়ৎদার	
২.	অটোমেটিক/মেজর/হাস্কিং রাইচ মিল	জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা।
৩.	ও. এম. এস সহ অন্যান্য ডিলার	
৪.	খুচরা ব্যবসায়ী	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, লালমাই, কুমিল্লা।
৫	আটা চার্কি	

বিস্তারিত তথ্যের জন্য, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, লালমাই, কুমিল্লা (ফোন ০১৮১৯৮৯৮২২৪)সহিত যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

১০/১১/২০২৩

(আবু বকর ছিদ্দিক)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
লালমাই, কুমিল্লা।

তারিখ :- ১০/১১/২০২৩ খ্রি:

স্মারক নং :- ১৩.০১.১৯১২.০০.৬৮.০৩৮.২২-৩৪২

অনুলিপি :- সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য।

১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

২। জেলা প্রশাসক, কুমিল্লা।

৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা।

৪। উপজেলা নির্বাহী অফিসার, লালমাই, কুমিল্লা।

৫। সভাপতি/সেক্রেটারী, বাজার ব্যবসায়ী সমিতি, লালমাই, কুমিল্লা।

৬। জনাব , মালিক-, লালমাই, কুমিল্লা।

১০/১১/২০২৩

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
লালমাই, কুমিল্লা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
লালমাই, কুমিল্লা।

স্মারক নং- ১৩.০১.১৯৭৩.০০.৬৮.০৩৮.২২. ৩৪৮

তারিখঃ-১২/১১/২০২৩ খ্রি.

বিষয়ঃ- খাদ্যশস্যের বাজার মনিটরিং কার্যক্রম/অভিযানের সাপ্তাহিক প্রতিবেদন প্রেরণ।

সুত্রঃ-খাদ্য অধিদপ্তরের ৯/১১/২০২৩ তারিখের স্মারক নং ১৩.০১.০০০০.০৫১.৬৮.০৩৫.১১.২১৫

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্তমানে বাজার মুলে উর্ধ্বগতি লক্ষ্য করা যাচ্ছে, তাই অত্র লালমাই উপজেলার খাদ্যশস্যের বাজার মনিটরিং কার্যক্রম/অভিযান পুনরায় চালু করা হয়েছে। এস,আর,ও নং ১১৩-আইন/২০১১-Control of essential Commmmodities Act,1956(Act no.1 of 1956) এর section 3 তে প্রদত্ত ক্ষমতাবলে নির্দিষ্ট পরিমাণ ও মেয়াদের অতিরিক্ত সময় খাদ্যশস্য/খাদ্যসামগ্রি মজুদ রাখতে পারবেন না। খাদ্যশস্য/খাদ্যসামগ্রি ক্রয় ও বিক্রয়ের ক্ষাশমেমো সার্বক্ষণিক দোকানে রাখার জন্য অনুরোধ করা হলো যাতে বাজার পরিদর্শনকালে পরিদর্শনকারী টিমের নিকট উপস্থাপন করা যায়। উক্ত আইন অমান্যকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রাপক, জনাব-----

লালমাই, কুমিল্লা

১২/১১/২০২৩

(আবু বকর ছিদ্রিক)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
লালমাই, কুমিল্লা।

স্মারক নং- ১৩.০১.১৯৭৩.০০.৬৮.০৩৮.২২. ৩৪৮

তারিখঃ-১২/১১/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রচারের জন্য প্রেরিত:-

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
- ২। জেলা প্রশাসক, কুমিল্লা।
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, লালমাই, কুমিল্লা।
- ৫। সভাপতি/সেক্রেটারী -----বাজার ব্যবসায়ী সমিতি লালমাই, কুমিল্লা।
- ৬। অফিস কপি

১২/১১/২০২৩
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
লালমাই, কুমিল্লা।